দৈনিক সংবাদ

তারিখ ... 6 MAY 1996

পৃষ্ঠা ২ কলাম ৬

# ঢাঃ বিঃ সিনেটের তলবি সভা আজ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আজ ৬ই মে সোমবার বিকেল ৪টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে সিনেটের তলবি সভা বসছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের অনিয়ম, জানুয়ারি মাসে অনুষ্ঠিত সিনেটের বিশেষ অধিবেশনে উপাচার্যের অসৌজন্যমূলক আচরণসহ ৬টি এজেন্ডার ভিত্তিতে ৩২ জন সিনেটরের আবেদনের পরিপ্রেক্ষিতে উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ এ সিনেট অধিবেশন ডেকেছেন।

উল্লেখ্য, জানুয়ারি মাসের শেষ সপ্তাহে অনুষ্ঠিত সিনেটের বিশেষ অধিবেশন স্থগিত করা হয়। স্থগিত হয়ে যাওয়া বিশেষ সিনেট অধিবেশনের ঘোষিত নতুন তারিখ ছিল গত ২৮শে মার্চ। ৩০শে মার্চ ছিল সিনেটের তলবি অধিবেশনের তারিখ। কিন্তু বিরোধীদলের অসহযোগ আন্দোলনের ফলে ২৮ ও ৩০শে মার্চ সিনেটের বিশেষ ও তলবি সভা হতে পারেনি। পরবর্তীতে এ দু'টি সভার কোন নতুন তারিখ ঘোষিত না হওয়ায় সিনেটের ৩২ জন সিনেটর গত ১৯শে এপ্রিল এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে অবিলম্বে সিনেটের তলবি সভা ডাকার জন্য উপাচার্যের প্রতি দাবি জানান।